উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪- ৪৫ তারিখঃ ০৭ অক্টোবর '২০২৫খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের অক্টোবর'-২০২৫ মাসের মাসিক সাধারণ সভা জনাব শোভন সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৯ অক্টোবর '২০২৫ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা ।
৩. ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা ।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা ।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম) ।
৭. বিবিধ।

০৭/১০/২৫
শোভন সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০২৪৭৭৭৭১৯১৬
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
২। উপজেলা --কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৩। প্রশাসক/চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-৪৫ তারিখঃ ০৭ অক্টোবর' ২০২৫খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প: প: কর্মকর্তা	
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	08.10.25
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	07.10.25

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-৪৫ তারিখঃ ০৭ অক্টোবর' ২০২৫খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	০৮/১০/২৫
২.	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	08.09.25
৩.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	০৮/১০/২৫
৪.	~~চেয়ারম্যান,~~ রায়পুর ইউপি প্রশাসক,	08.10.25
৫.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	8/10/25
৬.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	০৮/১০/২০২৫
৭.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	৮/১০/২৫
৮.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	৮/১০/২৫
৯.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	০৮/১০/২৫
১০.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	০৭/১০/২০২৫

উপজেলা পরিষদের অক্টোবর/২০২৫ মাসের মাসিক
সাধারণ সভার উপস্থিতি

সভাপতি :- জনাব মোহদিন সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া

স্থান :- উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ/সময় :- ০৯/১০/২০২৫ খ্রিঃ বেলা- ১১ ঘটিকায়

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগনের স্বাক্ষর :-

১। প্রশাসক বাঘারপাড়া পৌরসভা → [signature] ৯/১০/২৫

২। চেয়ারম্যান জহুরপুর ইউপি → [signature] 09.10.25

৩। " বন্দবিলা " → [signature] 09/10/25

৪। প্রশাসক রায়পুর ইউপি → [signature]

৫। চেয়ারম্যান নারিকেলবাড়ীয়া " → [signature] ৯/১০/২৫

৬। " ধলগ্রাম " → [signature] 09/10/2025

৭। " দোহাকুলা " → [signature] 09/10/25

৮। " দরাজহাট " → [signature] 09/10/25

৯। " বাসুয়াড়ী " →

১০। " জামদিয়া " → [signature] 09/10/25

সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর/উপস্থিতির তালিকা

১। সাইয়েদা নাসরিন জাহান উপজেলা কৃষি অফিসার — (স্বাক্ষর)
২। ইসমত আরা নাসরীন — উপজেলা শিক্ষা অফিসার — (স্বাক্ষর)
৩। অম্বর সরকার, উ:স:প্র:, ও: স্বা: প্র: অফি:, — (স্বাক্ষর)
৪। মো: আশরাফুল আলম USAO — (স্বাক্ষর)
৫। মো: মেহেদী হাসান, উপজেলা নির্বাচন অফিসার — (স্বাক্ষর)
৬। নির্মল কুমার হালদার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর — (স্বাক্ষর)
৭। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর এর পক্ষে – (স্বাক্ষর) ০৯/১০/২০২৫
৮। মো: মোতালেব হোসেন, VDP, UGDP, বাঘারপাড়া, যশোর — Mottalib (স্বাক্ষর)
৯। নাজমুল হোসেন, সার্ভেয়ার, এলজিইডি, বাঘারপাড়া, যশোর। — (স্বাক্ষর) ০৯/১০/২৫
১০। [illegible] অফিস সহকারী উপজেলা মহিলা বিষয়ক অফিস — (স্বাক্ষর) ০৯/১০/২৫
১১। মো: তৌহিদুর রহমান, উপজেলা সমবায় অফিসার — (স্বাক্ষর)
১২। বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, যশোর — (স্বাক্ষর) ০৯/১০/২৫
১৩। আনন্দমোহন ঘোষ, উপজেলা সমন্বয়কারী AVCB-৭৪ — (স্বাক্ষর) ০৯/১০/২৫
১৪। এ. শামছুল আরেফিন, উপজেলা প্রাণিসম্পদ অফিসার — (স্বাক্ষর)
১৫। মো: আব্দুল কুদ্দুস, উপজেলা [illegible] — (স্বাক্ষর)

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : শোভন সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ০৯ অক্টোবর ২০২৫খ্রিঃ, বৃহস্পতিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব ডাঃ শামছুল আরফিন, প্রশাসক, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব ইসমত আরা পারভীন, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব অন্তরা সরকার, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৫) মোঃ মেহেদী হাসান, উপজেলা নির্বাচন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব নির্ম্মল কুমার হাজরা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব মোঃ মোত্তালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব নাইমুল হোসেন, সার্ভেয়ার, উপজেলা প্রকৌশলীর পক্ষে, এলজিইডি, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব পতিত পাবন, অফিস সহকারী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব মোঃ তোহিদুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১২) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১৩) মোঃ আব্দুল কদ্দুস, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
১৪) জনাব মোহাম্মদ ওয়াহিদুজ্জামান, উপজেলা একাডেমিক সুপারভাইজার(মাধ্যমিক), বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
০২) জনাব ডাঃ মোঃ আবু বকর সিদ্দিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব ওয়ালিদ হোসেন রুম্মান, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরুপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (**ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।	বিধি মোতাবেক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সদস্য-সচিব, স্থায়ী কমিটি(সকল)।
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) সেচ লাইসেন্সের আপিল সংক্রান্তঃ** জনাব মোঃ সেকেন্দার হোসেন, পিতা-মৃত আতিয়ার মোল্যা, সাং-বল্যামুখ, ধলগ্রাম ইউপি এর দাখিলকৃত আবেদন উপজেলা সেচ কমিটি সভায় বাতিল হওয়ায় তাঁর সেচ লাইসেন্সের বিষয়ে নিজস্ব যুক্তি তুলে ধরে একটি আপিল আবেদন দাখিল করেছে, বর্ণিত আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সার্বিক বিষয় বিবেচনায় রেখে উপজেলা কৃষি কর্মকর্তা এর মাধ্যমে পুণরায় তদন্তপূর্বক প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়। **(খ) বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহিত প্রকল্প সংক্রান্তঃ** ২০২৫-২৬ অর্থবছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এর আওতায় এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল এর অর্থের বিপরীতে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে পিআইসির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসসমূহের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, সংশ্লিষ্টদের খুব শ্রীঘ্রই প্রকল্পসমূহ সম্পন্ন করার আহবান জানানো হয়। এছাড়া টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ প্রাক্কলণ প্রস্তুতের কাজ চলমান শেষ হলে টেন্ডার আহবান করা হবে। **(গ) সেচ অনুমোদন সংক্রান্তঃ** উপজেলা সেচ কমিটির গত ০৯-১০-২০২৫ খ্রিঃ তারিখের সভায় অনুমোদন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসহ অযোগ্য বিভিন্ন তালিকা পরিশিষ্ট-খ আকারে সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর নলকূপ-০৯টি, অনুমোদন যোগ্য গভীর-০৩টি স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) উপজেলা কৃষি কর্মকর্তাকে সরজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন পরবর্তী মাসিক সাধারণ সভায় উপস্থাপন করার জন্য বলা হয়। (খ) দ্রুততার সহিত বিধি বিধান মেনে সকল প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয় ক)উপজেলা সেচ কমিটি কর্তৃক সুপারিশকৃত অনুমোদনযোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকা এবং নবায়ন যোগ্য অগভীর ও গভীর নলকূপের স্কীমের তালিকাসমূহ অনুমোদন দেওয়া হয়।	(ক) ১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা কৃষি কর্মকর্তা খ)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।উপজেলা প্রকৌশলী ৩। সংশ্লিষ্ট সকল (গ) ১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ
০৫.	**আর্থিকঃ (**উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (**মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) সেপ্টেম্বর-২০২৫ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (**ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) নাই		

০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার ও উপসহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক সকল বিষয়ে মনিটরিং করা হচ্ছে। সারের কোন ঘাটতি নাই। প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। চেয়ারম্যান, বন্দবিলা ও নারিকেলবাড়িয়া ইউপি জানান যে, বর্তমানে ধানে মাজরা পোকার আক্রমন হচ্ছে এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিসহ প্রয়োজনী করা প্রয়োজন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। উপসহকারী কৃষি কর্মকর্তাদেরকে মাঠ পর্যায়ে কার্যক্রম বৃদ্ধি করার নির্দেশনা প্রদানের জন্য বলা হয় ।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত মাসে ১। উৎপাদন: ক. দুধ-২৫৪১.৬০ মে.টন, খ. ডিম-৪৩লক্ষ, গ. মাংস-৭৫০.০২ মে.টন, ঘ. সংকর জাতের বাছুর উৎপাদন-৪৮৯টি, ২। রোগপ্রতিরোধ: ক. গবাদি পশুর টিকা প্রদান-৪৭৪৫মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৩২০০০ মাত্রা, গ.ডিজিজ সার্ভিলেন্স-০১টি, ঘ.রোগ অনুসন্ধান ও নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-১০টি, ৩.চিকিৎসা, ক. গবাদিপশুর চিকিৎসা প্রদান-২৩৮৭ টি, খ. হাঁসমুরগির চিকিৎসা প্রদান-৯৩৫৭টি, গ. পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ০৬ টি, ঘ . ফ্রিভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১টি, ৪.মানব সম্পদ উন্নয়ন--- ক. প্রশিক্ষণ-০০জন, খ. উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৫ টি, ৫. খামার পরিদর্শন- ১০ টি , ৬. পরিবেশ সুরক্ষা/ঘাস উৎপাদনঃ ৩.০০একর, ৭.মাসিক বার্তাঃ রোগ প্রতিরোধ ও বাছুরের মৃত্যু রোধে টিকা প্রয়োগসহ কাঁচা ঘাস খাওয়ানোর জন্য খামারীদের সচেতনতাসহ উদ্বুদ্যকরণ ৮. সরকারি এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ) আয়, ক. টিকাবীজ বিক্রয়- ১৩৭৫০/- , খ. কৃত্রিম প্রজনন- ৭০০৫০/- ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে ১ম কিস্তি সকল ভাতার পেরোল ৯৯.৩০% পাঠানো হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য।পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ আদায়-১৭৯৬৬৯০/-(সতের লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত নব্বই টাকা)মাত্র। অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৫৯০৩ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ২৫২(চক্র) কনডম ৩০২৫(পিস) ইনজেকটেবল ৭১৭ জন আইইউডি ০৫জন, ইমপ্লান্ট ৮০জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০০, মোট ০০ জন ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা শিক্ষা কর্মকর্তার সভায় জানান যায় যে, দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । বাচ্চাদের এন্ড্রয়েড ফোন ব্যবহারের ক্ষেত্রে সতর্ককতা অবলম্বন করার জন্য সচেতনতা বৃদ্ধিকরণে সকলের সহযোগিতা কামনা করেন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। তিনি জানান এবার এসএসসি পূর্বমূল্যায়ন পরীক্ষায় উত্তীর্ণ না হতে পারলে কোন ছাত্র-ছাত্রীকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ না করতে দেওয়ার বিষয়ে বোর্ড থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৮৫ টি দল/সমিতিরি ২৩০০ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০০.০০ কোটি টাকা। চলতি আর্থিক বছরে ৩৪৫ জন সদস্যর মধ্যে ২১৭.২৫.০০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ১৮৮.৮৫ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া উচ্চ মূল্যের পুষ্টি সমৃদ্ধ অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচির ৯০ জন সদস্যকে ২৪.০৪ লক্ষ টাকা ৮% সেবামূল্যে ঋণ বিতরণ করা হয়েছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে সেপ্টেম্বর-২৫ মাসে কোন ঋণ বিতরণ করা হয়নি। চলতি অর্থ বছরে ২৩জনের মধ্যে মোট যুব ঋণ হিসাবে ২০১৫০০০/- টাকা প্রদান করা হয়েছে। সার্বিক আদায় হার ৯৫% । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৩৯টি অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০টি ও ১২ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ঋন আদায় কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানা যে, **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। অক্টোবর/২০২৫ মাসের খাদ্য বরাদ্দের অর্পণাদেশ (ডি/ও) প্রদান করা হয়েছে। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচনের কার্যক্রম চলমান আছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। **উঠান বৈঠকঃ** বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, পিইডিপি-৪ ও জিপিএস প্রকল্পের আওতায় ৩৭ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মান কাজের মধ্যে ৩৬ টি ওয়াশ ব্লক হস্তান্তর করা হয়েছে। বাকি ০১ টি ওয়াশব্লক এর কাজ চলমান আছে। যার অগ্রগতি ৯৫% এবং অক্টোবর/২০২৫ এর মধ্যে সমাপ্ত করা হবে। PSWSC প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে ২৩৪ টি নলকূপ বরাদ্দের নলকূপ স্থাপন কাজ ইতিমধ্যে শুরু হয়েছে এবং ৪৪ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে ১০৮ টি বরাদ্দের ৮০ টি নলকূপ এর বোরিং কাজ সমাপ্ত হয়েছে ও সাবমার্সিবল পাম্প বসানোর কাজ চলমান। খুব শীঘ্রই বাকি কাজ সম্পন্ন হবে। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান আছে। উপজেলার বিভিন্ন রাস্তা সংলগ্ন ঝুঁকিপূর্ণ গাছসমূহ বিধি মোতাবেক অপসারণের দ্রুততার সহিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলার বিভিন্ন রাস্তা সংলগ্ন ঝুঁকিপূর্ণ গাছসমূহ বিধি মোতাবেক অপসারণের সিদ্ধান্ত গৃহিত হয়।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, সকলের সুস্বাস্থ্য কামনা করেন এবং সকলকে আন্তরিকতার সহিত সেবা প্রদান করার আহবান জানান।	(ক) জনসাধারণকে আন্তরিকতার সহিত সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) সংশ্লিষ্ট সকল

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শোভন সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪-৪৬ **তারিখঃ ০৯- ১০-২০২৫ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,...ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি।

শোভন সরকার ০৯/১০/২৫
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।